

দুনীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা



বিষয়: দুনীতি প্রতিরোধ কার্যক্রমে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিভাগ ভিত্তিক শ্রেষ্ঠ মহানগর/জেলা ও শ্রেষ্ঠ উপজেলা দুনীতি প্রতিরোধ কমিটি নির্বাচনের নীতিমালা।

দুনীতি দমন কমিশন দেশব্যাপি দুনীতি প্রতিরোধের উদ্দেশ্যে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে দুনীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) গঠন করেছে। গঠিত দুনীতি প্রতিরোধ কমিটি দেশের অধিকাংশ এলাকায় পর্যায়ক্রমে স্কুল, মাদ্রাসা ও কলেজের ছাত্র-ছাত্রীদের নিয়ে সততা সংঘ (Integrity Unit) গঠন করেছে এবং ধারাবাহিকভাবে দেশের প্রতিটি এলাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতেও সততা সংঘ (Integrity Unit) গঠনের কার্যক্রম চলমান রাখছে।

দুনীতি দমন কমিশন দুনীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দুনীতি প্রতিরোধ কমিটির মাধ্যমে দেশব্যাপি বিভিন্ন কর্মসূচি পরিচালনা করে আসছে। কমিটিসমূহ দুনীতির বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টি এবং দুনীতি প্রতিরোধকল্পে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

তাই কমিশন দুনীতি প্রতিরোধ কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে মার্চ পর্যায়ে অসামান্য ভূমিকা রাখার স্বীকৃতিস্বরূপ প্রতিটি বিভাগে ১ টি “শ্রেষ্ঠ মহানগর/জেলা দুনীতি প্রতিরোধ কমিটি” এবং প্রতিটি বিভাগের অন্তর্ভুক্ত উপজেলাসমূহের মধ্যে ০৩ টি “শ্রেষ্ঠ উপজেলা দুনীতি প্রতিরোধ কমিটি” (১ম, ২য় ও ৩য় স্থান) নির্বাচনের জন্য নিম্নোক্ত নীতিমালা জারি করছে:

- ০১। প্রতিটি মহানগর, জেলা ও উপজেলা দুনীতি প্রতিরোধ কমিটিকে প্রতি মাসে নির্ধারিত কর্মসূচির মধ্যে কমপক্ষে দুইটি অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করতে হবে।
- ০২। প্রতি বছরের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত দুপ্রক কর্তৃক মাসওয়ারী যে সকল কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে তার স্থির চিত্র, ডকুমেন্টারি ও স্থানীয় গণমাধ্যমে প্রকাশিত সংবাদ চিত্র থাকতে হবে। উল্লেখ্য, আয়োজিত অনুষ্ঠানসমূহে উপস্থিত ব্যক্তিবর্গের সংখ্যা ও অতিথিবৃন্দের নাম পদবীসহ সংশ্লিষ্ট প্রমাণপত্র সরবরাহ ও প্রদর্শন নিশ্চিত করতে হবে।
- ০৩। দুনীতি প্রতিরোধ সপ্তাহ (প্রতি বছরের ২৬ মার্চ থেকে ১ এপ্রিল) উপলক্ষে দেশব্যাপি মহানগর, জেলা ও উপজেলা দুনীতি প্রতিরোধ কমিটি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানের পরিসংখ্যান যেমন: মতবিনিময় সভা, র্যালি, মানববন্ধন, আলোচনা সভা, সেমিনার, কর্মশালা, পথসভা, রচনা ও বিতর্ক প্রতিযোগিতা, গণসচেতনতা সৃষ্টি বিষয়ক দুনীতি বিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান ও গণসচেতনতা সৃষ্টি বিষয়ক দুনীতি বিরোধী ডকুমেন্টারি ফিল্ম প্রদর্শনের বিস্তারিত বিবরণ প্রদর্শন করতে হবে। আয়োজিত অনুষ্ঠানসমূহে উপস্থিত ব্যক্তিবর্গের সংখ্যা ও অতিথিবৃন্দের নাম, পদবী ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট স্থির চিত্র, ভিডিও এবং স্থানীয়/জাতীয় পত্রিকায় প্রকাশিত সংবাদসমূহের কাটিং ও ছবি থাকতে হবে।
- ০৪। প্রতি বছর আন্তর্জাতিক দুনীতি বিরোধী দিবস উপলক্ষে দুপ্রক কর্তৃক আয়োজিতব্য অনুষ্ঠানমালা যেমন : র্যালি, মানববন্ধন, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির বিবরণ, স্থির চিত্র, ভিডিও, লোকাল পত্রিকার কাভারেজসহ সংশ্লিষ্ট অন্যান্য ডকুমেন্টারী প্রদর্শন করতে হবে। আয়োজিত অনুষ্ঠানসমূহে উপস্থিত ব্যক্তিবর্গের সংখ্যা ও অতিথিবৃন্দের নাম, পদবী ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রমাণাদি প্রদর্শন ও সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ০৫। সততা সংঘের ছাত্র-ছাত্রীদের নিয়ে প্রতি বছরের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত আয়োজিত রচনা প্রতিযোগিতা, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, দুনীতি বিরোধী উপস্থিত বক্তৃতা, দুনীতি বিরোধী শ্লোগান, দুনীতি

